

পড়াশোনা

এইচএসসি পরীক্ষা নিয়ে দুশ্চিন্তা করবে না

অধ্যক্ষের পরামর্শ

লেখা : কেকা রায় চৌধুরী, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা



কেকা রায় চৌধুরী

প্রিয় এইচএসসি পরীক্ষার্থী, এই পরীক্ষাটি তোমাদের জন্য খুব গুরুত্বপূর্ণ। এর ওপরই নির্ভর করবে তোমাদের উচ্চশিক্ষার জন্য সুযোগ। দেশের বাইরে যারা ভর্তি হতে চাও, তাদের জন্যও ভালো ফলাফল প্রয়োজন। যেকোনো কাজ নিয়ে খুব বেশি চিন্তা করলে সে কাজে ভুল হয় বেশি।

এই সময় অপ্রয়োজনে টিভি, মোবাইল, ভিডিও গেম, ফেসবুক ও ইউটিউব থেকে দূরে থাকতে হবে।

সে জন্য প্রথমেই তোমাদের পরীক্ষা নিয়ে দুশ্চিন্তামুক্ত থাকতে হবে।

যে বিষয়গুলো সম্পর্কে দুর্বলতা আছে, সেগুলো এখনই দূর করে নিতে হবে। মন থেকে পরীক্ষাভীতি ঝেড়ে ফেলতে হবে।

সব কটি বিষয়ে বইয়ের লাইন ধরে পড়তে হবে। এতে করে বহুনির্বাচনি প্রশ্নের রিভিশন হয়ে যাবে। একই সঙ্গে জ্ঞানমূলক এবং অনুধাবনের উত্তর করাও সহজ হবে।

পরীক্ষার খাতায় উত্তর লেখার সময় অযথা কোনো কাটাকাটি করবে না।

আরেকটি জরুরি কথা, নিজের স্বাস্থ্যের ব্যাপারে সচেতন হতে হবে এবং ডেঙ্গু সংক্রমণকারী এডিস মশা থেকে সাবধান থাকতে হবে।

অভিভাবকদের প্রতি অনুরোধ, আপনারা নিজ নিজ সন্তানের শারীরিক এবং মানসিক দিকগুলো খেয়াল রাখবেন। পরীক্ষা নিয়ে অযথাই সন্তানকে চাপ দেবেন না।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ব © ২০২৩ প্রথম আলো